

# সমকাল

ঘূষ লেনদেনের অভিযোগ

## শিক্ষা ভবনে দুদকের অভিযান

১২ ঘটা আগে

### সমকাল প্রতিবেদক

বদলি ও পদায়নে ঘূষ লেনদেনের অভিযোগে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে (মাউশি) অভিযান চালিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। দুদক হটলাইন ১০৬-এ অভিযোগটি আসার পর সহকারী পরিচালক মঙ্গলুল হাসান রওশনীর নেতৃত্বে তিন সদস্যের বিশেষ টিম মঙ্গলবার সচিবালয় সংলগ্ন আবত্তল গণি রোডের শিক্ষা ভবনে অভিযান চালায়।

শিক্ষা ভবনে অভিযান প্রসঙ্গে দুদক এনফোর্সমেন্ট সেলের সমন্বয়কারী কমিশনের মহাপরিচালক (প্রশাসন) মোহাম্মদ মুনীর চৌধুরী গণমাধ্যমকে বলেন, শিক্ষা খাতে বিদ্যমান অনিয়ম, দুর্নীতি

বন্ধ করতে দুদকের অভিযান অব্যাহত থাকবে। শিক্ষা ব্যবস্থায় দুর্নীতির অভিযোগ পাওয়া গেলে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করা হবে। এ খাতকে দুর্নীতিমুক্ত করতে কমিশন বদ্ধপরিকর।

অভিযানকালে দুদক কর্মকর্তা অধিদপ্তরের মহাপরিচালকের কাছে বদলি ও পদায়নে ঘূষ লেনদেনের অভিযোগ সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন, দুর্নীতির কারণে বদলি ও পদায়নের ক্ষেত্রে পুরোপুরি স্বচ্ছতা নিশ্চিত করা সম্ভব হচ্ছে না। তবে ভুক্তভোগী শিক্ষকদের সমস্যা দূর করতে মহাপরিচালক সংশ্লিষ্ট অভিযোগকারী শিক্ষকদের শুনানি গ্রহণ করছেন বলে জানানো হয়। তার তত্ত্বাবধানে অভিযোগগুলো সমাধানের চেষ্টা করা হচ্ছে বলে জানানো হয়।

অবৈধভাবে কোচিং ব্যবসায় জড়িত ২৫ শিক্ষকের তালিকা দেওয়া হয়েছিল। ওইসব শিক্ষকের বিষয়ে কোনো পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কি-না জানতে চাওয়া হলে মহাপরিচালক দুদক কর্মকর্তাকে বলেন, শাস্তির অংশ হিসেবে ওইসব শিক্ষককে ঢাকার বাইরে বদলি করা হয়েছে। পরে তাদের ঢাকায় আসার কোনো আবেদন বিবেচনায় আনা হবে না।

দুদক টিমের পক্ষ থেকে দুর্নীতি রোধে শিক্ষা অধিদপ্তরের সার্বিক কার্যক্রমের ওপর মনিটরিং জোরদার করার পরামর্শ দেওয়া হয়েছে। এ ছাড়াও যে কোনো দুর্নীতির অভিযোগ তাৎক্ষণিকভাবে কমিশনকে জানানোর অনুরোধ করা হয়।